# PART ONE : GRAMMAR

## Unit 1 : Language & Grammar
## ভাষা ও ব্যাকরণ

1. **Language কাকে বলে? উদাহরণ দাও।**
   **Ans :** মানুষ মনের ভাব প্রকাশ করার জন্য যে সকল অর্থবোধক ধ্বনি বা আওয়াজ উচ্চারণ করে, তাকে **Language** (ল্যাংগুয়েজ) বা ভাষা বলে।
   যেমন: Bengali Language, English Language, Arabic Language etc.
2. **English Language কাকে বলে?**
   **Ans :** ইংরেজরা যে ভাষায় কথা বলে বা লিখে মনের ভাব প্রকাশ করে, তাকে **English Language** (ইংলিশ ল্যাংগুয়েজ) বা ইংরেজি ভাষা বলে।
3. **Mother Language কাকে বলে?**
   **Ans :** মায়ের কাছ থেকে শেখা ভাষাকে **Mother Language** (মাদার ল্যাংগুয়েজ) বা মাতৃভাষা বলে। আমাদের Mother Language হলো Bangla.
4. **Grammar কাকে বলে? উদাহরণ দাও।**
   **Ans :** যে বই পড়লে কোন ভাষা শুদ্ধভাবে বলা, পড়া ও লেখার নিয়ম-কানুন জানা যায়, তাকে **English Grammar** (ইংলিশ গ্রামার) বা ইংরেজি ব্যাকরণ বলে।

## Exercise (অনুশীলনী)

1. **উদাহরণসহ সংজ্ঞা দাও :**
   Language, Mother Language, Grammar, English Grammar.

## Unit 2 : Sound & Letter
## শব্দ ও বর্ণ

1. **Sound কাকে বলে? উদাহরণ দাও।**
   **Ans :** কোন শব্দ উচ্চারণ করার সময় আমরা যেসব আওয়াজ সৃষ্টি করি, তাদেরকে **Sound** (সাউন্ড) বা ধ্বনি বলে। যেমন : Boy, Cat, Girl ইত্যাদি।
2. **Letter কাকে বলে? উদাহরণ দাও।**
   **Ans :** ধ্বনির পরিবর্তে যেসব সাংকেতিক চিহ্ন বা প্রতীক ব্যবহৃত হয়, তাদেরকে **Letter** (লেটার) বা বর্ণ বলে। যেমন : A, B, C, D, E ইত্যাদি।
3. **Alphabet কাকে বলে? উহা কত প্রকার ও কী কী?**
   **Ans :** ইংরেজিতে A থেকে Z পর্যন্ড় মোট ২৬টি Letter বা বর্ণ রয়েছে। এই ২৬টি Letter বা বর্ণকে একত্রে **Alphabet** (অ্যালফাবেট) বা বর্ণমালা বলে। উহা দুই প্রকার। যথা :
   1. Vowel (ভাউএল) ও 2. Consonant (কনসোন্যান্ট)
4. **Vowel কাকে বলে? Vowel কয়টি ও কী কী?**
   **Ans :** যেসব বর্ণ অন্য বর্ণের সাহায্য ছাড়া নিজে নিজে উচ্চারিত হতে পারে, তাদেরকে **Vowel** (ভাউএল) বা স্বরবর্ণ বলে। ইংরেজিতে Vowel বা স্বরবর্ণ ৫টি।
   যথা : A, E, I, O, U.
5. **Consonant কাকে বলে? Consonant কয়টি ও কী কী?**
   **Ans :** যেসব Letter Vowel এর সাহায্য ছাড়া উচ্চারিত হতে পারে না, তাদেরকে **Consonant** (কনসোন্যান্ট) বা ব্যঞ্জনবর্ণ বলে।
   যথা : B, C, D, F, G, H, J, K, L, M, N, P, Q, R, S, T, V, W, X, Y, Z.
   B = ব + e (ই) = বি, C = স + e (ই) = সি, D = ড + e = ডি ইত্যাদি।

## Exercise (অনুশীলনী)

1. **উদাহরণসহ সংজ্ঞা দাও :**
   Sound, Letter, Alphabet, Vowel, Consonant.

## Unit 3 : Word & Syllable
## শব্দ ও শব্দাংশ

**1. Word কাকে বলে? উদাহরণ দাও।**

**Ans :** এক বা একাধিক Letter মিলে যদি একটি অর্থ প্রকাশ করে, তখন তাকে **Word** (ওয়ার্ড) বা শব্দ বলে। যেমন : Masud, Dhaka, Book ইত্যাদি।

| Word | Word নয় |
|---|---|
| B O Y = BOY অর্থ বালক | কিন্তু YBO কোন অর্থ বুঝায় না। |
| C A T = CAT অর্থ বিড়াল | কিন্তু TAC কোন অর্থ বুঝায় না। |
| G U N = GUN অর্থ বন্দুক | কিন্তু NUG কোন অর্থ বুঝায় না। |
| B O O K = BOOK অর্থ বই | কিন্তু BOKO কোন অর্থ বুঝায় না। |

Letter-গুলো পাশাপাশি বসিয়ে দেখতে হবে এর দ্বারা কোন এর্থ প্রকাশ করছে কিনা, যদি অর্থ প্রকাশ করে তাহলে সেটাই Word বা শব্দ।

**2. Syllable কাকে বলে? উদাহরণ দাও।**

**Ans :** কোন Word-এর যতটুকু অংশ একবারে উচ্চারণ করা যায়, তাকে **Syllable** (সিলেবল) বা শব্দাংশ বলে। যেমন : Ba-by, Pen-cil, Um-bre-lla.

প্রত্যেক Syllable-এ অন্তত একটি Vowel থাকবেই।

**3. Syllable কত প্রকার ও কী কী?**

**Ans :** Syllable চার প্রকার। যথা :

1. Mono-syllable (মনোসিলেবল)-এক শব্দাংশ
2. Di-syllable (ডিসিলেবল)-দু শব্দাংশ
3. Tri-syllable (ট্রাইসিলেবল)–তিন শব্দাংশ
4. Poly-syllable (পলিসিলেবল)–বহু শব্দাংশ

## Exercise (অনুশীলনী)

**1. উদাহরণসহ সংজ্ঞা দাও :** Word, Syllable.
2. Syllable কত প্রকার ও কী কী?

## Unit 4 : Sentence

## বাক্য

1. **Sentence কাকে বলে? উদাহরণ দাও।**
   **Ans :** কয়েকটি Word বা শব্দ এক সাথে বসে যখন একটি সম্পূর্ণ মনের ভাব প্রকাশ করে, তখন তাকে **Sentence** (সেনটেন্স) বা বাক্য বলে।
   যেমন : I eat rice. Masud reads a book. This is a pen ইত্যাদি।
2. **Sentence-এর কয়টি অংশ ও কী কী?**
   **Ans :** Sentence-এর দুইটি অংশ। যথা :
   i. Subject (সাবজেক্ট) উদ্দেশ্য
   ii. Predicate (প্রেডিকেট) বিধেয়
3. **Subject কাকে বলে?**
   **Ans :** Sentence-এ যার সম্বন্ধে কিছু বলা হয়, তাকে **Subject** (সাবজেক্ট) বা উদ্দেশ্য বলে।
4. **Predicate কাকে বলে?**
   **Ans :** Subject সম্বন্ধে যা কিছু বলা হয়, তাকে **Predicate** (প্রেডিকেট) বা বিধেয় বলে।
5. **নিচের Sentence গুলোকে Subject ও Predicate-এ ভাগ করে দেখানো হলো :**

| Sentence | Subject | Predicate |
|---|---|---|
| He goes to school. | He | goes to school. |
| They are playing. | They | are playing. |
| Masud has two brothers. | Masud | has two brothers. |
| Mr. Nazmul is a doctor. | Mr. Nazmul | is a doctor. |
| His father is a teacher. | His father | is a teacher. |

## Exercise (অনুশীলনী)

1. উদাহরণসহ সংজ্ঞা দাও :
   Sentence, Subject, Predicate.

## পদ প্রকরণ

1. **Parts of Speech কাকে বলে? উদাহরণ দাও।**
**Ans :** Sentence-এর অন্তর্গত প্রত্যেকটি Word-কে এক একটি **Parts of Speech** (পার্টস অভ স্পীচ) বলে। **Parts of Speech** আট প্রকার। যথা:
1. Noun (নাউন)–বিশেষ্য
2. Pronoun (প্রোনাউন)–সর্বনাম
3. Adjective (অ্যাডজেকটিভ)–বিশেষণ
4. Verb (ভার্ব)–ক্রিয়া
5. Adverb (অ্যাডভার্ব)– ভাব বিশেষণ
6. Preposition (প্রিপজিশন)– পদান্বয়ী অব্যয়
7. Conjunction (কনজাঙ্কশন)– সমুচ্চয়ী অব্যয়
8. Interjection (ইন্টারজেকশন)– আবেগসূচক অব্যয়

3. **Noun কাকে বলে? উদাহরণ দাও।**
**Ans :** যে Word দ্বারা কোন কিছুর নাম বুঝায়, তাকে **Noun** (নাউন) বা বিশেষ্য বলে। যেমন : Rahim, Comilla, Pen ইত্যাদি।

4. **Pronoun কাকে বলে? উদাহরণ দাও।**
**Ans :** Noun-এর পরিবর্তে যে Word বসে, তাকে **Pronoun** (প্রোনাউন) বা সর্বনাম বলে। যেমন : I, We, He, She ইত্যাদি।

5. **Adjective কাকে বলে? উদাহরণ দাও।**
**Ans :** যে Word দ্বারা Noun বা Pronoun-এর দোষ, গুণ, সংখ্যা, অবস্থা ও পরিমাণ বুঝায়, তাকে **Adjectie** (অ্যাডজেকটিভ) বা বিশেষণ বলে।
যেমন : God, Bad, Nice, Kind ইত্যাদি।

6. **Verb কাকে বলে? উদাহরণ দাও।**
**Ans :** যে Word দ্বারা কোন কাজ করা বুঝায়, তাকে **Verb** (ভার্ব) বা ক্রিয়া বলে। যেমন : Go, Come, See, Run ইত্যাদি।

7. **Adverb কাকে বলে? উদাহরণ দাও।**
**Ans :** যে Word কোন Verb (ভার্ব)-এর অবস্থা, পরিমাণ ও সময় ইত্যাদি বুঝায়, তাকে **Adverb** (অ্যাডভার্ব) বা ক্রিয়া বিশেষণ বলে।
যেমন : Very, Well, Now, Slowly, Kindly ইত্যাদি।

8. **Preposition কাকে বলে? উদাহরণ দাও।**
**Ans :** যে Word-এর সাথে সম্পর্ক বজায় রাখে, তাকে **Preposition** (প্রিপজিশন) বা পদান্বয়ী অব্যয় বলে। যেমন : On, In, At, For, After ইত্যাদি।

9. **Conjunction কাকে বলে? উদাহরণ দাও।**
**Ans :** যেসব Word দুই বা তার বেশি Word বা Sentence-কে যুক্ত করে, তাকে **Conjunction** (কন্‌জাঙ্কশ্‌ন্‌) বা সমুচ্চয়ী অব্যয় বলে।
যেমন : As, So, Or, And, But ইত্যাদি।

10. **Interjection কাকে বলে? উদাহরণ দাও।**

**Ans :** যে Word দিয়ে মানুষের মনের আনন্দ, দুঃখ, বেদনা ইত্যাদি প্রকাশ পায়, তাকে **Interjection** (ইন্টারজেকশন) বা আবেগসূচক অব্যয় বলে।
যেমন : Oh! Alas! Ah! Hurrah! Bravo! ইত্যাদি।

## Exercise (অনুশীলনী)

1. **উদাহরণসহ সংজ্ঞা দাও :**
   Parts of Speech, Noun, Pronoun, Adjective, Verb.
2. Adverb-এর ৫টি উদাহরণ দাও।
3. Preposition-এর ৫টি উদাহরণ দাও।
4. Conjunction-এর ৫টি উদাহরণ দাও।
5. Interjection-এর ৫টি উদাহরণ দাও।

# বচন

**1. Number কাকে বলে?**

**Ans :** যে Word দ্বারা কোন Noun বা Pronoun-এর সংখ্যা বুঝায়, তাকে **Number** (নাম্বার) বা বচন বলে।

**2. Number কত প্রকার ও কী কী?**

**Ans :** ইংরেজিতে Number (নাম্বার) দুই প্রকার। যথা :

1. Singular Number (সিঙগিউলার নাম্বার)-একবচন
2. Plural Number (প-ুরাল নাম্বার)–বহুবচন

**3. Singular Number কাকে বলে? উদাহরণ দাও।**

**Ans :** যে Noun বা Pronoun দিয়ে একটি মাত্র ব্যক্তি, প্রাণী বা বস্তুকে বুঝায়, তাকে **Singular Number** (সিঙগিউলার নাম্বার) বা একবচন বলে।

যেমন : Boy, Girl, Book, Cat ইত্যাদি।

**4. Plural Number কাকে বলে? উদাহরণ দাও।**

**Ans :** যে Noun বা Pronoun দিয়ে একটির বেশি ব্যক্তি, প্রাণী বা বস্তুকে বুঝায়, তাকে **Plural Number** (প-ুরাল নাম্বার) বা বহুবচন বলে।

যেমন : Boys, Girls, Books, Cats ইত্যাদি।

**5. Number পরিবর্তন করার নিয়মগুলো লিখ।**

***i.*** *সাধারণত : Singular Number-এর শেষে s যোগ করে Plural করতে হয়। যেমন :*

| Singular | Plural | Singular | Plural |
|---|---|---|---|
| 1. Boy (বালক) | Boys | 6. Day (দিন) | Days |
| 2. Ball (বল) | Balls | 7. Egg (ডিম) | Eggs |
| 3. Cat (বিড়াল) | Cats | 8. Fan (পাখা) | Fans |
| 4. Dog (কুকুর) | Dogs | 9. Goat (ছাগল) | Goats |
| 5. Cup (পেয়ালা) | Cups | 10. Pen (কলম) | Pens |

***ii.*** *যেসব Noun-এর শেষে s, ss, sh, ch, x, z থাকে তাদের শেষে es যোগ করে Plural করতে হয়। যেমন :*

| Singular | Plural | Singular | Plural |
|---|---|---|---|
| 1. Bus (বাস) | Buses | 6. Class (শ্রেণী) | Classes |
| 2. Ass (গাধা) | Asses | 7. Glass (গ-াস) | Glasses |
| 3. Dish (বড় থালা) | Dishes | 8. Fox (খেঁকশিয়াল) | Foxes |
| 4. Box (বাক্স) | Boxes | 9. Fish (মাছ) | Fishes |
| 5. Match (ম্যাচ) | Matches | 10. Bench (বেঞ্চ) | Benches |

***iii.*** *কোন Noun-এর শেষে 'o' থাকলে এবং 'o'-এর পূর্বে Consonant থাকলে তার শেষে es যোগ করে Plural করতে হয়। কিন্তু Vowel থাকলে শুধু s যোগ করতে হয়। যেমন :*

| Singular | Plural | Singular | Plural |
|---|---|---|---|
| 1. Mango (আম) | Mangoes | 5. Bamboo (বাঁশ) | Bamboos |
| 2. Hero (বীর) | Heroes | 6. Zoo (চিড়িয়াখানা) | Zoos |
| 3. Potato (গোলআলু) | Potatoes | 7. Radio (বেতার) | Radios |
| 4. Tomato (টমেটো) | Tomatoes | 8. Cuckoo (কোকিল) | Cuckoos |

***iv.*** *Noun-এর শেষে y থাকলে এবং y-এর আগে Consonant থাকলে y-এর স্থলে i এবং i-এর পরে es যোগ করে Plural করতে হয়। যেমন—*

| Singular | Plural | Singular | Plural |
|---|---|---|---|
| 1. Army (সৈন্যদল) | Armies | 4. Body (শরীর) | Bodies |

| | | | |
|---|---|---|---|
| 2. Baby (শিশু) | Babies | 5. City (শহর) | Cities |
| 3. Fly (মাছি) | Flies | 6. Story (গল্প) | Stories |

**v.** *Noun-এর শেষে y থাকলে এবং y-এর আগে Vowel থাকলে শুধু s যোগ করে Plural করতে হয়। যেমন —*

| Singular | Plural | Singular | Plural |
|---|---|---|---|
| 1. Boy (বালক) | Boys | 4. Day (দিন) | Days |
| 2. Key (চাবি) | Keys | 5. Play (খেলা) | Plays |
| 3. Toy (খেলনা) | Toys | 6. Bay (উপসাগর) | Bays |

**vi.** *Singular Noun-এর শেষে f বা fe থাকলে f বা fe উঠিয়ে ves বসিয়ে Plural করতে হয়। যেমন—*

| Singular | Plural | Singular | Plural |
|---|---|---|---|
| 1. Knife (ছুরি) | Knives | 4. Thief (চোর) | Thieves |
| 2. Calf (বাছুর) | Calves | 5. Wife (স্ত্রী/গিন্নী) | Wives |
| 3. Leaf (পাতা) | Leaves | 6. Live (বাস করা) | Lives |

**vii.** *কয়েকটি গুরুত্বপূর্ণ Number-এর পরিবর্তন দেখানো হল :*

| Singular | Plural | Singular | Plural |
|---|---|---|---|
| 1. Book (বই) | Books | 5. Baby (শিশু) | Babies |
| 2. Bird (পাখি) | Birds | 6. Lady (মহিলা) | Ladies |
| 3. Pencil (পেনসিল) | Pencils | 7. Life (জীবন) | Lives |
| 4. Class (শ্রেণী) | Classes | 8. Body (দেহ) | Bodies |

**viii.** *ভেতরের Vowel পরিবর্তন করে নিচের Noun গুলোর Plural-এ পরিবর্তন করতে হয়। যেমন—*

| Singular | Plural | Singular | Plural |
|---|---|---|---|
| 1. Man (মানুষ) | Men | 4. Foot (পায়ের পাতা) | Feet |
| 2. Mouse (ইঁদুর) | Mice | 5. Woman (স্ত্রীলোক) | Women |
| 3. Louse (উকুন) | Lice | 6. Goose (রাজহাঁস) | Geese |

**ix.** *Singular Pronoun-এর Plural করতে কোন নির্দিষ্ট নিয়ম নেই। যেমন—*

| Singular | Plural | Singular | Plural |
|---|---|---|---|
| I (আমি)<br>My (আমার)<br>This (এটি)<br>Him (তাকে) | We (আমরা)<br>Our (আমাদের)<br>These (এগুলো)<br>Them (তাদেরকে) | He/She (সে)<br>Me (আমাকে)<br>That (এটি)<br>His (তার) | They (তারা)<br>Us (আমাদিগকে)<br>Those (এগুলো)<br>Their (তাহারা) |

## Exercise (অনুশীলনী)

1. Number কাকে বলে?
2. নিচের শব্দগুলোর Plural Number লেখ :
   Me, Man, Mango, Tree, Class, Foot, Hero, Tooth, Baby, Fly, Day.

## Unit 7 : Tense

## কাল

1. **Tense কাকে বলে?**

   **Ans :** ক্রিয়া সম্পন্ন হওয়ার সময়কে **Tense** (টেন্স্) বা কাল বলে।

2. **Tense কত প্রকার ও কী কী?**

   **Ans :** Tense প্রধানত : তিন প্রকার। যেমন : (i) Present (প্রেজেন্ট) Tense, (ii) Past (পাস্ট) Tense ও (iii) Future (ফিউচার্) Tense.

3. **Present Tense কাকে বলে? উদাহরণ দাও।**

   **Ans :** বর্তমান কালের কোন কাজ হয় বা হচ্ছে বুঝাতে Verb-এর যে রূপ হয়, তাকে **Present Tense** (প্রেজেন্ট টেন্স) বা বর্তমান কাল বলে।

4. **Past Tense কাকে বলে? উদাহরণ দাও।**

   **Ans :** অতীত কালে কোন কাজ ঘটেছে বুঝাতে Verb-এর যে রূপ হয়, তাকে **Past Tense** (পাস্ট টেন্স) বা অতীত কাল বলে।

   যেমন : I came home yesterday.

5. **Future Tense কাকে বলে? উদাহরণ দাও।**

   **Ans :** ভবিষ্যতে কোন কাজ করা হবে বুঝাতে Verb-এর যে রূপ হয়, তাকে **Future Tense** (ফিউচার্ টেন্স) বা ভবিষ্যত কাল বলে।

   যেমন : I shall go home.

## Exercise (অনুশীলনী)

1. Tense কাকে বলে?
2. Tense কত প্রকার ও কী কী?
3. Present Tense কাকে বলে? উদাহরণ দাও।
4. Past Tense কাকে বলে? উদাহরণ দাও।
5. Future Tense কাকে বলে? উদাহরণ দাও।
6. কোনটি কোন Tense লিখ :

   I eat rice. Karim goes to School. Ali went home. He did the sum. Rana will play, The boy is playing. Hasan had gone to Comilla.

## PART II : TRANSLATION

একটি আম- A mango.

একজন ছাত্র- A student.

একটি বই- A book.

একটি গাড়ি- A car.

একজন শিক্ষক- A teacher.

একটি ঘোড়া- A horse.

একটি বালক- A boy.

একটি কলম- A pen.

**বিঃ দ্রঃ** সাধারণত যে Noun-এর প্রথম অক্ষর Consonant (a, e, i, o, u ব্যতীত অন্যান্য অক্ষর) তাদের আগে A বসে।

**B**

একটি বিশ্ববিদ্যালয় - A university.

একজন ইউরোপিয়ান- A European.

একটি উপকারী প্রাণী- A useful animal.

একটি সংঘ- A union.

একজন সুদখোর- A us Urer.

একটি এক চোখা লোক- A one eyed man.

**বিঃ দ্রঃ Word**-এর প্রথম E, u, অথবা, Eu একত্রে থেকে u-এর মত উচ্চারণ হলে তার পূর্বে 'a' বসে।

## An

**C**

একটি গাধা- An ass.

একজন অলস লোক- An idle man.

একটি কুৎসিত পাখি- An ugly bird.

একটি কমলালেবু- An orange.

একটি ডিম- An egg.

একটি ছাতা- An umbrella.

একটি আপেল- An apple.

**বিঃ দ্রঃ** word-এর শুরুতে vowel থাকলে Article সাধারণতঃ 'an' বসে।

**D**

এই একটি গাধা- This is an ass.
এই একটি পেঁচা- This is an owl.
তিনি একজন সৎ লোক- He is an honest man.
এই একটি ষাঁড়- This is an ox.
এই একটি ডিম- This is an egg.
এই একটি ঘণ্টা- This is an hour.
এই একটি হোটেল- This is an hotel.

**বিঃ দ্রঃ** word-এর শুরুতে consonant 'h' থেকে vowel-এর মত উচ্চারিত হলে তার পূর্বে 'an' বসে।

**E**

তিনি একজন এস. এস. সি - He is an S.S.C.
তিনি একজন এইচ.এস.সি.- He is an H.S.C.
তিনি একজন এম. এ.- He is an M. A.
তিনি একজন এল. এল. বি.- He is an L. L .B.
তিনি একজন এফ. আর. সি. এস.- He is an F.R.C.S.
তিনি একজন এম. বি. বি. এস.- He is an M. B.B.S.

**বিঃ দ্রঃ** word-এর প্রথম অক্ষর consonant এবং শুরুতে vowel-এর ন্যায় উচ্চারণ হলে তার আগে An বসে।

## Definite Article

**A**

কুকুরটি- The dog. পাখিটি- The bird.
ছাত্রটি- The student. কলমটি- The pen.
কলাটি- The banana. ফুলগুলো- The flowers.
বালিকাটি- The girl. লোকগুলো- The men.
লোকটি- The man. আমটি- The mango.

**বিঃ দ্রঃ** কোন ব্যক্তি বা বস্তুকে নির্দিষ্ট করে বুঝালে তার পূর্বে "The" বসে।

**B**

সূর্য পূর্ব দিকে উঠে- The sun rises in the east.
বাংলাদেশী- The Bangladeshi.
সিন্ধু নদ- The Indus.
আমি কোরআন পড়ি- I read the Quran.
পৃথিবী গোলাকার- The earth is round.
মুসলমানরা সত্যবাদী- The Muslims are truthful.

আন্দামান দ্বীপপুঞ্জ- The Andamans.

এটি রামায়ণ- This is the Ramayan.

আমি ইনকিলাব পড়ি- I read The Inqilab.

পদ্মা একটি বড় নদী- The Padma is a big river.

আটলান্টিক মহাসাগর- The Atlantic.

তাজমহল- The Tajmahal.

**বিঃ দ্রঃ** ধর্মগ্রন্থ, সাগর, উপসাগর, মহাসাগর, দ্বীপপুঞ্জ, নদী, পৃথিবী, চন্দ্র, সূর্য, আকাশ, সংবাদপত্র ইত্যাদি নামের আগে 'The' বসে।

**C**

মানুষ মরণশীল- Man is mortal.

বাংলা আমার ভাষা- Bengali is my language.

**বিঃ দ্রঃ** মানবজাতি, ভাষার নামের আগে 'The' বসে না।

## Exercise

**1.Translate into English (ইংরেজিতে অনুবাদ কর) ঃ**

1. একটি হাঁস। 2. একটি ছাগল। 3. একটি মহিষ। 4. একটি ছাতা। 5. একটি মুরগী। 6. একটি বিদ্যালয়। 7. একটি মহাসাগর। 8. একটি পাখি। 9. একটি দ্বীপপুঞ্জ। 10. ইহা তাজমহল। 11. একটি পাকা আম। 12. গরু উপকারী প্রাণী। 13. সে প্রত্যহ কোরআন পড়ে। 14. পৃথিবী সূর্যের চারদিকে ঘুরে। 15. তিনি একজন এম. বি. বি. এস। 16. গরু ঘাস খায়। 17. পাখিটি সুন্দর। 18. একটি বানর। 19. মেয়েটি গান গায়। 20. একটি ছোট পাখি।

**2. A, An এবং The দিয়ে শূন্যস্থান পূরণ কর ঃ**

(a) - teacher. (b) - useful animal. (c) - umbrella. (d) He is - honest man. (e) This is - hotel. (f) He is - M. B. B. S. (g) - girl. (h) I read - Quran. (i) - Andamans. (j) - S.D. O.

**Lesson–2**

## ‘To be’ : Am, is, are
## হই, হও, হয় এর ব্যবহার

### Affirmative SentenceíyÅJ ßmJiT mJTq

| | |
|---|---|
| আমি হই - I am. | আমরা হই- We are. |
| তুমি হও - You are. | তোমরা হও- You are. |
| সে হয় - He is. | তারা হয়- They are. |
| তিনি হন- He is. | তারা হন- They are. |
| সে (স্ত্রী) হয়- She is. | ইহা হয়- It is. |
| এটি হয়- This is. | ঐটি হয়- That is. |

আমি হই ছাত্র- I am a student.

আমরা হই ছাত্র- We are students.

আমি হই গরীব- I am poor.

আমরা হই গরীব- We are poor.

তুমি হও ধনী- You are rich.

তোমরা হও খাট- You are short.

লোকটি হয় দুর্বল- The man is weak.

তারা হয় শক্তিশালী- They are strong.

ঢাকা একটি পুরাতন শহর- Dhaka is an old city.

তিনি হন একজন কবি- He is a poet.

ডাক্তার কক্ষে রয়েছেন- The doctor is in the room.

(i) বাংলায় হই, হও, হয়, হন থাকলে কর্তা বা Subject অনুযায়ী am/is/are বসে এবং মূল verb-এর কাজ করে। First person singular-এর সাথে 'am', Third person singular-এর সাথে 'is' এবং বাকী ক্ষেত্রে 'are' বসে।

(ii) Am/Is/Are-এর পর অন্য কোন verb না থাকলে এগুলো নিজেরাই মূল verb হিসেবে বসে।

(iii) বাংলা বাক্যে হয়/হও/হন এই ক্রিয়াগুলো কর্তার পর উহ্য থাকে কিন্তু ইংরেজি বাক্যে উহ্য থাকে না।

### Negative Sentence

আমি ছাত্র নই- I am not a student.

আমরা ছাত্র নই- We are not students.

তুমি ছাত্র নও- You are not a student.

তোমরা ছাত্র নও- You are not students.

সে ছাত্র নয়- He is not a student.

তারা ছাত্র নয়- They are not students.

আমরা নিষ্ঠুর নই- We are not cruel.

তুমি উপস্থিত নও- You are not present.

তারা ব্যস্ত নয়- They are not busy.

রিনা বুদ্ধিমতী নয়- Rina is not intelligent.

বালিকাটি সুন্দরী নয়- The girl is not beautiful.

আমি দুর্বল নই- I am not weak.

সে পীড়িত নয়- He is not ill.

**বিঃ দ্রঃ** Negative (না-বোধক) বাক্যে am, is, are এর পরে not বসাতে হয়।

## Interrogative Sentence

তুমি কি অংকটি কর? - Do you do the sum?

তুমি কি সুস্থ?- Are you well?

সে কি খেলে?- Does he play?

তারা কি গান গায়?- Do they sing a song?

তিনি কি একজন শিক্ষক?- Is he a teacher?

তনু কি সাহসী?- Is Tanu brave?

তিনি কি একজন সৎ লোক?- Is he an honest man?

আমি কি ধনী নই?- Am I not rich?

তুমি কি ছাত্র নও?- Are you not a student?

**বিঃ দ্রঃ** (i) Assertive Sentence কে Interrogative করার সময় subject-এর আগে am/is/are বসে। কিন্তু am/is/are না থাকলে Subject-এর আগে Do/does বসে।

(ii) Negative থেকে Interrogative করার সময় subjectটি Noun হলে 'Not' Noun-এর আগে এবং subjectটি pronoun হলে 'Not' Subject-এর পরে বসে।

## Exercise

**Translate into English (ইংরেজিতে অনুবাদ কর) ঃ**

a. (i) আমি হই। (ii) আমরা হই।
(iii) তুমি হও। (iv) তারা হয়।
(v) সে হয়। (vi) তোমার বোন।
(vii) জামাটি নতুন। (viii) ডাক্তার ভিতরে।
(ix) আমার ভাই একজন শিক্ষক। (x) তুমি অসুস্থ।
(xi) সালমা বুদ্ধিমতী।

b. (i) আমি হই না। (ii) আমরা হই না।
(iii) তারা চালাক নয়। (iv) তারা বিদ্যালয়ে যায় না।

(v) আমরা দুর্বল নই। (vi) সেলিনা গায়িকা নয়।
(vi) সে অলস নয়। (viii) বইগুলো নতুন নয়।
(ix) লোকটি পাগল নয়।

c. (i) তারা কি বলবান নয়? (ii) আমি কি সুস্থ নই?
(iii) সে কি শক্তিশালী নয়? (iv) তুমি কি ছাত্র নও?
(v) সে কি খেলে? (vi) তুমি কি ছাত্র নও?

## Lesson–3
## Verb ‘to be’ : Was/Were

## এর ব্যবহার

### Affirmative Sentence

আমি ছিলাম- I was.

আমরা ছিলাম- We were.

তুমি ছিলে- You were.

তোমরা ছিলে- You were.

সে ছিল- He was.

তারা ছিল- They were.

এটি ছিল- This was.

এগুলি ছিল- These were.

ইহা ছিল- It was.

ঐগুলো ছিল- Those were.

তোমার পিতা ছিল- Your father was.

তার বোন ছিল- His sister was.

আমি ডাক্তার ছিলাম- I was a doctor.

আমরা ছাত্র ছিলাম- We were students.

তাহারা বুদ্ধিমান ছিল- They were intelligent.

### Negative Sentence

আমি ছিলাম না- I was not.

আমরা ছিলাম না- We were not.

তারা ছিল না- They were not.

সে ছিল না- He was not.

তুমি দুর্বল ছিলে না- You were not weak.

সে চালাক ছিল না- He was not clever.

আমি সুস্থ ছিলাম না- I was not well.

এটা ছিল না- It was not.

ঐগুলো ছিল না- Those were not.

তুমি সুখী ছিলে না- You were not happy.

আমি ভাল ছিলাম না- I was not well.

**বিঃ দ্রঃ** (i) বাক্যে ছিলাম, ছিলে, ছিলা, ছিল, বুঝালে কর্তার পর was, were বসে।

(ii) First person singular (I) ও Third person singular (He, she, It) এর পর was বসে। আবার First person plural (We), second person (you) এবং Third person plural এর পর (were) বসে।

(iii) প্রশ্নবোধক বাক্যে was ও were বাক্যের প্রথমে Subject-এর আগে বসে।

## Interrogative Sentence

আমি কি সুখী ছিলাম?- Was I happy?
সে কি সুখী ছিল?- Was he happy?
আমরা কি দুর্বল ছিলাম?- Were we weak?
আমি কি অনুপস্থিত ছিলাম?- Was I absent?
তিনি কি ভাল লোক ছিলেন?- Was he a good man?
তুমি কি ব্যস্ত ছিলে?- Were you busy?
সে কি গরীব ছিল?- Was he poor?
আমরা কি সুখী ছিলাম?- Were we happy?

k Exercise (IjMvLujL) k

## Exercise

**Translate into English (ইংরেজিতে অনুবাদ কর) ঃ**

a. (i) আমি ধনী ছিলাম। (ii) তোমরা সুখী ছিলে। (iii) তিনি বাড়িতে ছিলেন। (iv) তুমি গরিব ছিলে। (v) সে চালাক ছিল। (vi) ছেলেটি বোকা ছিল। (vii) তিনি দয়ালু ছিলেন। (viii) লোকটি সৎ ছিল। (ix) আমটি পাকা ছিল।

b. (i) আমি ধনী ছিলাম না। (ii) সে সৎ ছিল না। (iii) পাখিটি সুন্দর ছিল না। (iv) রহীম দুঃখিত ছিল না। (v) নূরুল হক অহংকারী ছিল না। (vi) টেবিলটি ভাঙ্গা ছিল না। (vii) লোকটি পাগল ছিল না। (viii) তারা উপস্থিত ছিল না। (ix) লোকটি দয়ালু ছিল না।

c. (i) লোকটি কি পাগল ছিল? (ii) লোকটি কি অসৎ ছিল? (iii) তাহারা কি বোকা ছিল? (iv) সে কি সুখী ছিল? (v) তুমি কি ছাত্র ছিলে? (vi) তিনি কি ঘুমন্ত ছিলেন? (vii) মেয়েটি কি বোকা ছিল? (viii) লোকটি কি সাহসী ছিল?

# Lesson–4
# Verb To Be
## Shall be, Will be এর ব্যবহার

## Affirmative Sentence

আমি হব- I shall be. তুমি হবে-You will be.

সে হবে- He will be. সে (স্ত্রী) হবে- She will be.

তোমরা হবে- You will be.

তাহারা হবে- They will be.

আমরা সৈনিক হব- We will be soldiers.

আমরা ধনী হব- We will be rich.

তনু ডাক্তার হবে- Tanu will be a doctor.

তাহারা উপস্থিত হবে- They will be present.

তারা অলস হবে- They will be idle.

আমি সুখী হব- I shall be happy.

## Negative Sentence

আমি অলস হব না- I shall not be lazy.

তুমি অসৎ হবে না- You will not be dishonest.

সে সুখী হবে না- He will not be happy.

আমরা ভীত হব না- We shall not be afraid.

তুমি দুর্বল হবে না- You will not be weak.

আমরা খেলোয়াড় হবো না- We shall not be players.

সে কবি হবে না- He will not be a poet.

## Interrogative Sentence

আমি কি শিক্ষক হব?- Shall I be a teacher?

তুমি কি সৈনিক হবে?- Will you be a soldier?

আমি কি সুখী হব?- Shall I be happy?

তারা কি গরীব হবে?- Will they be poor?

তুমি কি ডাক্তার হবে?- Will you be a doctor?

আমরা কি ধনী হব?- Will we be rich?

আমি কি বড় হব না?- Shall I not be great?

**বিঃ দ্রঃ** (i) First person 'I' ও 'we' এর পর shall এবং second ও third person-এর পর will বসে।

(ii) Negative (না বোধক) বাক্যে 'shall not be' or 'will not be' বসবে।

(iii) Interrogative বা প্রশ্নবোধক বাক্যে Shall ও will বাক্যের প্রথমে এবং subject-এর আগে বসে।

## Exercise

**Translate into English (ইংরেজিতে অনুবাদ কর) ঃ**

a. (i) আমি শিক্ষক হব। (ii) তুমি সাহসী হবে। (iii) তুমি ধার্মিক হবে। (iv) সে কর্মঠ হবে। (v) করিম বড় লোক হবে। (vi) রাফেজ জ্ঞানী হবে। (vii) লোকটি অলস হবে। (viii) সে সৈনিক হবে। (ix) এটা লাল হবে।

b. (i) আমি শিক্ষক হব না। (ii) তুমি অসৎ হবে না। (iii) সে খারাপ হবে না। (iv) লোকটি খেলোয়াড় হবে না। (v) সে জ্ঞানী হবে না। (vi) লোকটি দয়ালু হবে না। (vii) তুমি ভীত হবে না। (viii) আমি নিষ্ঠুর হব না।

c. (i) আমি কি শিক্ষক হব? (ii) আগামীকাল স্কুল কি বন্ধ হবে? (iii) রহিম কি ভদ্র হবে? (iv) তাসলিমা কি বুদ্ধিমতী হবে? (v) ফলগুলো কি মিষ্টি হবে না? (vi) আকাশ কি পরিস্কার? (vii) জহির কি প্রকৌশলী হবে? (viii) মুকুল কি কবি হবে?

## Lesson–5
## Verb To Be
## Have and has এর ব্যবহার

## Affirmative Sentence

আমার আছে- I have.

আমাদের আছে- We have.

তোমার আছে- You have.

তোমাদের আছে- You have.

তার আছে- He has.

তাদের আছে- They have.

তাদের একটি কুকুর আছে- They have a dog.

আমার একটি কলম আছে- I have a pen.

তোমার একটি বাগান আছে- You have a garden.

তোমার একটি ঘড়ি আছে- You have a watch.

জহিরের একটি ছাতা আছে- Jahir has an umbrella.

আমাদের একটি ঘোড়া আছে- We have a horse.

## Negative Sentence

আমার কলম নেই- I have no pen.

তাদের গাড়ি নেই- They have no car.

আমার কোন জামা নেই- I have no shirt.

তোমার চাচা নেই- You have no uncle.

তোমার কোন বাগান নেই- You have no garden.

ছেলেটির পিতা-মাতা নেই- The boy has no parents.

তোমার সাহস নেই- You have no courage.

আমার কোন ঘড়ি নেই- I have no watch.

## Interrogative Sentence

আমার কি পাখি আছে?- Have I (Do I have) a bird?

জহিরের কি বাড়ি আছে?- Has Jahir (Does Jahir have) a house?

আমার কি টাকা নেই?- Have I no money?

ঘোড়ার কি শিং আছে?- Has the horse horn?

তার কি টাকা আছে?- Has he (Does he have) money?

তোমাদের কি দুটি গাভী আছে?- Have you two cows?

**বিঃ দ্রঃ** (i)Third person singular-এর সাথে has বসে। আর বাকী সকল person ও Number-এর সাথে have বসে।

(ii) Negative Sentence-এ have বা has এর পর 'no' বসে। কিন্তু No-এর পর a বা an বসে না।

(iii) Interrogative Sentence বা প্রশ্নবোধক বাক্যে Has বা Have বাক্যের প্রথমে Subject-এর আগে বসে।

## Exercise

**Translate into English (ইংরেজিতে অনুবাদ কর) ঃ**

a. (i) আমার একটি কলম আছে। (ii) তার একটি গাভী আছে। (iii) তার একটি পুতুল আছে। (iv) তোমার একটি কম্পিউটার আছে। (v) কালামের একটি পাখি আছে। (vi) আমার একটি শার্ট আছে। (vii) লাভলীর একটি বিড়াল আছে।

b. (i) শিউলীর পুতুল নেই। (ii) মজিদের ছাতা নেই। (iii) আমার ভাই নেই। (iv) তাহেরের ঘড়ি নেই। (v) জহিরের চাচা নেই। (vi) পানির রং নেই। (vii) আমার জামা নেই।

c. (i) তার কি একটি বিড়াল আছে? (ii) কামালের কি একটি ছাতা আছে? (iii) তার কি একটি পাখা আছে? (iv) লিমার কি বাগান আছে? (v) তোমার কি একটি পাখি আছে? (vi) শাহিদার কি একটি ঘড়ি আছে?

# Lesson–6
## Verb To Have
## Had এর ব্যবহার

**Affirmative Sentence**

আমার ছিল- I had.

তোমার ছিল- You had

তার ছিল- He had.

আমার একটি ঘোড়া ছিল- I had a horse.

আমাদের একজন ডাক্তার ছিল- We had a doctor.

সুমনের একটি বিড়াল ছিল- Suman had a cat.

জহিরের একটি ঘড়ি ছিল- Jahir had a watch.

তোমাদের একটি স্কুল ছিল- You had a school.

আমার একটি কলম ছিল- I had a pen.

তাদের দু'টি ছাগল ছিল- They had two goats.

## Negative Sentence

আমার ছিল না- I had no.

তোমার ছিল না- You had no.

আমার কলম ছিল না- I had no pen.

তোমার বন্দুক ছিল না- You had no gun.

লিমার ঘড়ি ছিল না- Lima had no watch.

তাহাদের বাড়ি ছিল না- They had no house.

আমার গাড়ি ছিল না- I had no car.

আমার বাগান ছিল না- I had no garden.

তোমার অভাব ছিল না- You had no want.

## Interrogative Sentence

তোমার কি সাহস ছিল না?- Had you no courage?

তোমার কি একটি পাখি ছিল?- Had you a bird?

জহিরের কি একটি বাগান ছিল?- Had Jahir a garden?

তার কি একটি আংটি ছিল?- Had he a ring?

লোকটির কি একটি বাগান ছিল?- Had the man a garden?

করিমের কি একটি ঘোড়া ছিল?- Had Karim a horse?

তোমার কি একটি চাকর ছিল?- Had you a servant?

## Exercise

**Translate into English** (ইংরেজিতে অনুবাদ কর) ঃ

a. (i) আমার একটি কলম ছিল। (ii) আখির একটি পুতুল ছিল। (iii) গণির একটি ভাই ছিল। (iv) বিড়ালের দু'টি চক্ষু ছিল। (v) তার একটি ছাতা ছিল। (vi) আমাদের একটি গাড়ি ছিল। (vii) কেয়ার একটি পুতুল ছিল।

b. (i) আমার সময় ছিল না। (ii) কেয়ার খেলনা নেই। (iii) আমার কলম ছিল না। (iv) বুলুর বোন ছিল না। (v) তোমার কোন কলম ছিল না। (vi) তোমার চাকর ছিল না। (vii) আমরা গরীব ছিলাম না।

c. (i) তার কি টাকা ছিল? (ii) কুকুরটির কি নাম ছিল? (iii) লোকটির কি জামা ছিল? (iv) পাখির কি ডানা ছিল? (v) তোমার কি বই ছিল? (vi) রাফেজের কি সাইকেল ছিল? (vii) তার কি বাড়ি ছিল? (viii) তোমার কি ঘোড়া ছিল?

# Lesson–7
## Present Tense
## বর্তমান কাল

| | |
|---|---|
| আমি যাই- I go. | আমরা যাই- We go. |
| তুমি যাও- You go. | তোমরা যাও- You go. |

সে যায়- He goes. তারা যায়- They go.

সে স্কুলে যায়- He goes to school.

আমি একটি চিঠি লিখি- I write a letter.

পৃথিবী সূর্যের চারদিকে ঘোরে- The earth moves round the sun.

সে চিঠি লিখছে- She is writing a letter.

আমি একটি বই পড়ছি- I am reading a book.

আমি ভাত খেয়েছি- I have eaten rice.

আমি চিঠিটি লেখেছি- I have written the letter.

তুমি কি ঘুমাচ্ছ?- Are you sleeping?

তোমরা কখন ঢাকায় যাচ্ছ?- When are you going to Dhaka?

আমি এ কাজটি করেছি- I have done this work.

তারা মাঠে খেলছে- They are playing in the field.

আমরা ফুটবল খেলেছি- We have played football.

**বিঃ দ্রঃ** (i) Present Indefinite Tense-এ Subject যদি Third Person Singular Number হয় তবে verb-এর শেষে 's' বা 'es' যুক্ত হয়।

(ii) Present Continuous Tense-এ কর্তা অনুযায়ী am, is, are বসে এবং মূল verb-এর শেষে ing যোগ হয়।

(iii) Present Perfect Tense-এ কর্তা অনুযায়ী has বা have বসে এবং মূল verb-এর past Participle বসে।

## Exercise

**Translate into English (ইংরেজিতে অনুবাদ কর) :**

(i) আমি বই পড়ি। (ii) তুমি স্কুলে যাচ্ছ। (iii) সে কি ভাত খেয়েছে? (iv) আমি দুধ পান করেছি। (v) রাহীম লিখছে। (vi) মা রান্না করছেন। (vii) তারা একটা গান করছে। (viii) সূর্য পশ্চিম দিকে অস্ত যায়। (ix) আমরা বল খেলি। (x) সে বাজারে যায়। (xi) সূর্য পূর্বদিকে উদিত হয়। (xii) জহির আম খায়। (xiii) লাভলী এ অংকটি করেছে। তোমরা ভাত খাও।

# Lesson–8
## Past Tense
## অতীত কাল

আমি খেয়েছিলাম- I ate.

আমরা গিয়েছিলাম- We went.

তুমি খেয়েছিলে- You ate.

তোমরা গিয়েছিলে- You went.

সে গিয়েছিল- He went. তারা গিয়েছিলÍ They went.

সে স্কুলে গিয়েছিল- He went to school.

আমি একটি বই ক্রয় করেছিলাম- I bought a book.

ছেলেটি বাড়ি গিয়েছিল- The boy went home.

আমি চিঠিটি পেয়েছিলাম- I got the letter.

তারা কাজটি করল না- They did not do the work.

আমি এটা দেখেছিলাম- I saw it.

তোমরা এখানে এসেছিলে- You came here.

রাহীমা গান গেয়েছিল- Rahima sang a song.

আমরা ঘুমাচ্ছিলাম- We were sleeping.

বালকগুলো মাঠে খেলছিল- The boys were playing in the field.

তারা হাটছিল- They were walking.

**বিঃ দ্রঃ (i)** Verb-এর বাংলা রূপ– করেছিলাম, করেছিলে, করেছিল, করলাম ইত্যাদি থাকলে সে স্থলে Subject-এর পরে Verb-এর Past form বসে।

(ii) Past Continuous Tense-এ verb-এর আগে Subject অনুসারে was/were বসে এবং মূল verb-এর শেষে 'ing' যোগ হয়।

## Exercise

**Translate into English (ইংরেজিতে অনুবাদ কর) ঃ**

(i) আমরা খেলেছিলাম। তারা ভাত খাচ্ছিল। পাখিটি আকাশে উড়ছিল। সে কাজ করছিল। কুকুরটি ঘেউ ঘেউ করছিল। আমি একটি চিঠি লিখেছিলাম। তুমি স্কুলে গিয়েছিলে। আমরা বই পড়ছিলাম। তারা বাড়ি গিয়েছিল। তোমরা বল খেলছিলে। তুমি একটি বাঘ দেখেছিলে। দিনটি গরম ছিল।

# Lesson–9
## Future Tense
## ভবিষ্যৎ কাল

আমি যাব- I shall go.

আমরা যাব- We shall go.

তুমি যাবে- You will go.
তোমরা যাবে- You will go.
সে যাবে- He will go.
তারা যাবে। They will go.
তারা পড়বে- They will read.
সেলিম ঘুমাবে- Salim will sleep.
সে গোসল করবে- He will take bath.
লীমা গান গাবে- Lima will sing.
সে ফুটবল খেলবে- He will play foot-ball.
জুয়েল ক্রিকেট খেলবে- Jewel will play cricket.
আমরা স্কুলে যাব- We will go to school.
লোকটি ঘণ্টা বাজাবে- The man will ring the bell.
আমি সৈনিক হব- I shall be a soldier.
বালকগুলো ফুটবল খেলবে- The boys will play foot-ball.
সে বাজারে যাবে- He will go to market.

**বিঃ দ্রঃ** বাংলা ক্রিয়ার রূপ–করব, করবে, যাব, যাবে, করবেন, এরূপ হয়ে থাকলে Tense গঠনে verb-এর আগে Subject অনুযায়ী Shall বা will বসে।

## Exercise

**Translate into English (ইংরেজিতে অনুবাদ কর) ঃ**

শিশুটি ঘুমাবে। জহির চা পান করবে। আমি কোরআন পড়ব। গরুটি ঘাস খাবে। সে হাটবে। আমি অংকটি করব। বালকগুলো স্কুলে যাবে। তিনি চিঠি লিখবেন। হেনা স্কুলে যাবে। সূর্য উঠবে। সে শিক্ষক হবে। তোমরা সুখী হবে। লীমা ডাক্তার হবে। আমরা কুমিল্লা যাব। তারা বাজারে যাবে। তোমরা দৌঁড়াবে।

# PART III : PARAGRAPH WRITING

## PARAGRAPH WRITING–IjMPòh ßuUj

**Paragraph কাকে বলে?**

কয়েকটি Sentence নিয়ে একটা paragraph হয়। Sentenceগুলো যাতে এলোমেলো না হয়ে

ধারাবাহিকভাবে হয় সে দিকে লক্ষ্য রাখতে হবে। সুতরাং কোন একটি বিষয় সম্পর্কে পরস্পর সম্পর্কযুক্ত কতগুলো Sentence-এর সমষ্টিকেই paragraph বলে।

নিচে কয়েকটি paragraph-এর নমুনা দেয়া হয়।

## THE COW

The cow is a domestic animal. It is very useful to us. It has two fine eyes, two long ears, two horns, four legs and a long tail. It lives on grass, oil-cake, bran etc. It gives us milk. It ploughs the land and draws carts. It is found all over the world. So, we should look after it.

### গরু

গরু একটি গৃহপালিত প্রাণী। ইহা আমাদের জন্য খুবই উপকারী। এর দু'টি সুন্দর চোখ, দু'টি লম্বা কান, দু'টি শিং, চারটি পা, এবং একটি লম্বা লেজ আছে। গরু ঘাস, খইল এবং ভুষি খেয়ে জীবন ধারণ করে। ইহা আমাদেরকে দুধ দেয়। গরু জমি চাষ করে এবং গাড়ি টানে। ইহা পৃথিবীর সর্বত্র পাওয়া যায়। সুতরাং আমাদের গরুর প্রতি যত্ন নেয়া উচিত।

## THE CAT

The cat is a little and pet animal. Its body is like a wolf. Its body is covered with soft hair. It has four legs, two eyes, two short ears and a long tail. It sees at night and keeps our house free from mice. It is fond of milk. It also likes to eat fish, flesh and rice. In winter it sleeps on our bed. So the cat is very useful to us.

### বিড়াল

বিড়াল একটি ছোট ও পোষা প্রাণী। এর দেহ নেকড়ে বাঘের মত। এর শরীর নরম লোমে ঢাকা। এর চারটি পা, দু'টি চোখ, দু'টি ছোট কান এবং একটি লম্বা লেজ আছে। ইহা রাত্রে দেখতে পায় এবং ইহা আমাদের ঘরকে ইঁদুর মুক্ত রাখে। বিড়াল দুধ পছন্দ করে। বিড়াল মাছ, মাংস ও ভাত খেতেও পছন্দ করে। শীতকালে ইহা আমাদের বিছানায় ঘুমায়। অতএব, বিড়াল আমাদের জন্য খুবই উপকারী।

## THE DOG

The dog is a fourfooted animal. Its body is covered with soft hair. It has two eyes, two ears and a curved tail. It has a strong power of smell. The dog lives on rice, bread, fish, milk and many other things. It is very faithful and obedient. It is also ready to sacrifice its life for its master. So, we should take care of it very much.

### কুকুর

কুকুর একটি চতু দী প্রাণী। এর গা নরম পশমে ঢাকা। এর দু'টি চোখ, দু'টি কান এবং একটি বাঁকা লেজ আছে।

এর প্রবল ঘ্রাণ ক্ষমতা আছে। কুকুর ভাত, রুটি, মাছ, দুধ এবং অন্যান্য জিনিষ খেয়ে জীবন ধারণ করে। কুকুর খুবই বিশ্বস্ত ও অনুগত। সে তার প্রভুর জন্য জীবন দিতেও প্রস্তুত থাকে। তাই কুকুরের প্রতি আমাদের যত্ন নেয়া উচিত।

## THE ROSE

There are many kinds of flowers in the world. But the rose is the most beautiful and charming of all flowers. It is generally rosy in colour. It is known to us as the queen of flowers. We often present this flower to our nearest ones. It is a symbol of love and beauty. It blooms for others but not for itself. It gives us refreshment by smelling its scent.

**গোলাপ ফুল**

পৃথিবীতে অনেক ধরনের ফুল আছে। কিন্তু গোলাপ হচ্ছে সবচেয়ে সুন্দর ও আকর্ষণীয় ফুল। এর রং সাধারণত গোলাপী। ইহা আমাদের নিকট ফুলের রাণী হিসেবে পরিচিত। আমরা আমাদের আপনজনকে গোলাপ ফুল উপহার দিয়ে থাকি। গোলাপ ভালবাসা ও সৌন্দর্যের প্রতীক। ইহা অন্যের জন্য ফোটে নিজের জন্য ফোটে না। সে তার গন্ধ ছড়িয়ে দিয়ে আমাদেরকে সতেজতা দান করে।

## THE PAPER

Paper is the most valuable thing in modern age. It is used in writing. We can do nothing even for a day without it. It is made from rags, bamboos and other things. It was first made in China. It has various sizes and colours. It is the main source of advancement of education, culture and civilization. The importance of it is untold.

**কাগজ**

বর্তমান যুগে কাগজ সবচেয়ে মূল্যবান জিনিস। কাগজ লেখার কাজে ব্যবহৃত হয়। কাগজ ছাড়া আমাদের একদিনও চলে না। কাগজ ছেড়া কাপড়-চোপড়, বাঁশ ও অন্যান্য জিনিস থেকে তৈরি করা হয়। ইহা প্রথম তৈরি হয় চীনে। কাগজ এর বিভিন্ন আকৃতি ও রং রয়েছে। ইহা শিক্ষা-সংস্কৃতি ও সভ্যতার উন্নতির প্রধান উৎস। এর গুরুত্ব অবর্ণনীয়।

## RICE

Rice is our chief food. We get it from paddy. People live on it. It grows in India, Burma, Thailand, China and in many other countries of the world. Rice is of various types. They are mainly Aus, Aman and Boro. Aus is sown in Baishakh and reaped in Bhadra. It needs heavy rainfall. Aman is sown in Ashar and reaped in Poush. There is another kind of rice called IRRI. In our country two kinds of rice is found Í Atop and Siddha. Various kinds of delicious food are made from rice.

**ধান**

ধান আমাদের প্রধান খাদ্য। আমরা ধান গাছ থেকে ইহা পেয়ে থাকি। লোকেরা ইহা খেয়ে জীবন ধারণ করে। ইহা ভারত, বার্মা, থাইল্যান্ড, চীন এবং পৃথিবীর আরও অনেক দেশে জন্মে। ধান অনেক ধরনের হয়। এগুলো প্রধানত আউশ, আমন এবং বোরো। আউশ বৈশাখ মাসে বপন করা হয় এবং ভাদ্র মাসে কাটা হয়। আউশ ধানের জন্য প্রচুর বৃষ্টিপাত দরকার। আমন ধান আষাঢ় মাসে বপন করা হয় এবং পৌষ মাসে কাটা হয়। ইহা ছাড়া এক প্রকার ধান রয়েছে যার নাম ইরি। আমাদের দেশে দু' ধরনের চাল রয়েছে—আতপ ও সিদ্ধ। চাল দিয়ে বিভিন্ন ধরনের সুস্বাদু খাবার তৈরি করা হয়।

## Letter Writing

**1. Kinds of letters (চিঠিপত্রের প্রকারভেদ) :**

চিঠি-পত্র অনেক প্রকার হতে পারে। এদের মধ্যে উল্লেখযোগ্য প্রকারগুলো নিচে দেয়া হল।

**(i) Private Letter (ব্যক্তিগত পত্র) ঃ** এরূপ চিঠি মাতা-পিতা, ভাই-বোন, আত্মীয়-স্বজন ও বন্ধু-বান্ধবের নিকট লেখা হয় বলে একে Private Letter বলে।

**2. Social letter (সামাজিক চিঠি) ঃ** এরূপ চিঠি বিভিন্ন সামাজিক অনুষ্ঠানগুলোতে নিমন্ত্রণ জানায়ে লিখতে হয় বলে একে Social Letter বলে।

**3. Business letter (ব্যবসা সংক্রান্ত চিঠি) ঃ** যে চিঠিপত্র দ্বারা ব্যবসা-বাণিজ্যের আলোকে ক্রেতা-বিক্রেতাগণের মধ্যে দ্রব্যটির আদেশ দেয়া হয় তাকে Business Letter বলে।

**4. Official Letter :** এরূপ চিঠি সরকারি, আধা-সরকারি বা বে-সরকারি অফিস কর্মকর্তাগণের মধ্যে লিখিত হয় বলে একে Official Letter বলে।

**5. Public Letter (সংবাদপত্র সম্পর্কিত বা খোলা চিঠি) ঃ** যে সকল চিঠি সংবাদপত্রে প্রকাশের উদ্দেশ্যে লেখা হয় তাকে Public Letter বা Letter to the press বলে।

প্রত্যেক চিঠি-পত্রের সাধারণত ছয়টি অংশ থাকে।

1. The Heading (শিরোনাম)
2. The Salutation বা, Greeting (সাদর সম্ভাষণ)। যেমন–My dear brother, My dear father, My dear friend, My dear uncle.
3. The body of the letter (পত্রের বক্তব্য বা মূল বিষয়বস্তু)।
4. Subscription (বিদায় সম্ভাষণ)। যেমনÍYour friend, Your faithfully. Your affectionately.
5. Signature (লেখকের স্বাক্ষর)
6. Superscription (পত্র প্রাপকের নাম ঠিকানা)

**1. Write a letter to your father to send you some money** (কিছু টাকা চেয়ে তোমার পিতার নিকট একখানা পত্র লেখ।)

| | |
|---|---|
| 1. Headline (শিরোনাম) | Najimudin Road, Dhaka<br>6-6-2002 |
| 2. Salutation (সাদর সম্ভাষণ) | My dear father, |
| 3. The Body of the letter (পত্রের বক্তব্য বা মূল বিষয়বস্তু) | Your letter came to me yesterday. I am happy that you are all well. The result of my Annual examination has been come out. I have stood first in the examination. Our new classes will start very soon. Please send me Tk. 700.00 (Seven hundred) for buying new books.<br>I shall be highly pleased if you kindly send me the money as early as possible. With love and regards to you and mother. |
| 4. Subscription (বিদায় সম্ভাষণ) | Your loving son |
| 5. Signature (লেখকের স্বাক্ষর) | Tanvir. |

| 6. Superscription<br>(পত্র প্রাপকের নাম-ঠিকানা) | From<br>A.K.M. Tanvir<br>62. Najimuddin Road<br>Dhaka-1100 | Stamp<br>To<br>Md. Nurul Haq.<br>Village and Post Kalochor<br>Hajiganj, Chandpur. |
|---|---|---|

১। কিছু টাকা চেয়ে তোমার পিতার নিকট পত্র লেখ।

| শিরোনাম | নাজিমুদ্দীন রোড, ঢাকা<br>১২/১২/০২ইং |
|---|---|
| সাদর সম্ভাষণ, | শ্রদ্ধেয় আব্বাজান, |
| পত্রের বক্তব্য বা মূল বিষয়বস্তু | গতকাল আপনার চিঠি পেয়েছি। আপনারা সকলেই ভাল আছেন জেনে সুখী হলাম। আমার বার্ষিক পরীক্ষার ফলাফল প্রকাশিত হয়েছে। আমি পরীক্ষায় প্রথম স্থান অধিকার করেছি। আমাদের নতুন ক্লাস শীঘ্রই শুরু হবে। অনুগ্রহ করে নতুন বই কেনার জন্য সাতশত টাকা কেনার দিবেন।<br>যত তাড়াতাড়ি সম্ভব টাকাটা পাঠালে আমি অত্যন্ত সন্তুষ্ট হব। আপনার ও আম্মার প্রতি ভালবাসা ও শ্রদ্ধা রইল। |
| বিদায় সম্ভাষণ | আপনারই প্রিয়পুত্র |
| স্বাক্ষর | তানভীর |

| ডাকটিকিট<br>প্রেরক | প্রাপক |
|---|---|
| এ. কে. এম. তানভীর<br>নাজিমুদ্দীন রোড,<br>ঢাকা। | মোঃ নূরুল হক<br>হাজীগঞ্জ,<br>চাঁদপুর। |

**2. Write a letter to your friend inviting him to attend the marriage ceremony of your sister.** (তোমার বোনের বিয়েতে বন্ধুকে নিমন্ত্রণ জানিয়ে পত্র লেখ।)

Kalochow
2.2.2002

My dear Mamun,

You will be happy to learn that the marriage ceremony of my sister comes off on the 17th June, 2002. On this happy occasion I cordialy invite you to come to our house two days before.

Convey my best regards to your parents and love to you.

Your Sincerely
Noman.

| | Stamp |
|---|---|
| From<br>Mohammad Noman.<br>Village and Post : Kalochow<br>Hajiganj, Chandpur | To<br>Md. Mamun.<br>62, Danmondi<br>Dhaka |

কালোচোঁ
প্রিয় মামুন, ২-২-২০০২

তুমি জেনে সুখী হবে যে, আমার বোনের বিয়ে ২০০২ ইং সালের ১৭ই জুন অনুষ্ঠিত হবে। এ আনন্দময় অনুষ্ঠান উপলক্ষে আমি তোমাকে দু'দিন আগে আমাদের বাড়িতে আসার জন্য আন্তরিকভাবে আমন্ত্রণ জানাচ্ছি।

তোমার আব্বা-আম্মার প্রতি আমার শ্রদ্ধা জানাবে। তোমার প্রতি রইল আমার ভালবাসা।

তোমার প্রিয়
নোমান, আদমজী

**3. Write a letter to your friend inviting him to join a picnic.** (বনভোজনে অংশগ্রহণে বন্ধুকে নিমন্ত্রণ জানিয়ে পত্র লেখ।)

Adamjee
23-3-2002

My dear Rafez,

Our Annual Examination will be over. You will be happy to hear that we are making arrangements for a picnic on the 28th instant. We have selected Chandpur as our picnic spot. We shall go by the school bus. Hope you will reach in time. Please, do come.

Nothing more for the present. My best love to you.

Ever yours
Sohel

| | Stamp |
|---|---|
| From<br>Md. Shohel<br>Adamjee, Narayangonj | To<br>Md. Rafez<br>Demra,<br>Dhaka. |

আদমজী
প্রিয় রাফেজ, ২৩-৩-২০০২

আমাদের বার্ষিক পরীক্ষা শেষ হয়ে যাবে। তুমি জেনে সুখী হবে যে আমরা সকলেই বর্তমান মাসের ২৮ তারিখ বনভোজনে যাবার ব্যবস্থা করতেছি। আমরা চাঁদপুরকে আমাদের বনভোজনের স্থান হিসেবে নির্ধারণ করেছি। আমরা

বিদ্যালয়ের বাসে করে যাব। আশা করি তুমি সময় মত পৌঁছবে। দয়া করে এস।

আজ আর নয়। তোমার প্রতি আমার ভালবাসা রইল।

তোমারই বন্ধু
সোহেল

**4. Write a letter to your friend inviting him to attend your birthday party.** (তোমার জন্মদিনের অনুষ্ঠানের আমন্ত্রণ জানিয়ে বন্ধুর নিকট পত্র লেখ।)

Bakshi Bazar
2-3-2002

My dear Rahman.

My 8th birthday anniversary will be held in our residence on next Wednesday. I shall be very glad if you attend the celebration.

Your loving friend
Rakib

| | | Stamp |
|---|---|---|
| From<br>Md. Rakib Uddin<br>6, Bakshi Bazar<br>Dhaka-1100 | To<br>Md. Abdur Rahman<br>Adamjee<br>Narayanganj | |

বকশী বাজার, ঢাকা
১-৩-২০০২ইং

প্রিয় রহমান

আগামী বুধবার আমাদের বাসায় আমার অষ্টম জন্মবার্ষিকী উদযাপিত হবে। তুমি যদি এ অনুষ্ঠানে অংশগ্রহণ কর তাহলে আমি খুবই আনন্দিত হব।

তোমার প্রিয় বন্ধু
রাকিব

## Application Writting

**5. Write an application to the Headmaster praying for leave of absence.** (ছুটির জন্য প্রার্থনা করে প্রধান শিক্ষকের নিকট দরখাস্ত লেখ।)

To
The Headmaster,
Rampur High School,
Hajiganj, Chandpur.

**Subject :** Prayer for leave of absence.

Sir,

I have the honour to state that I was attacked with fever. So I was absent from school from the 12th to the 15th instant.

May I, therefore, pray and hope that you would be kind enough to grant me leave of absence for those days only.

I remain
Date, Rampur — Sir,
the 17th June, 2002 — Your most obedient
Kamal
Class-III, Roll-1

বরাবর
প্রধান শিক্ষক,
রামপুর হাইস্কুল,
হাজীগঞ্জ, চাঁদপুর।
বিষয় ঃ অনুপস্থিতির জন্য ছুটি চেয়ে আবেদন।
জনাব,
যথাবিহীত সম্মানপূর্বক নিবেদন এই যে, আমি জ্বরে আক্রান্ত হয়েছিলাম। তাই আমি বর্তমান মাসের ১২ তারিখ থেকে ১৫ তারিখ পর্যন্ত স্কুলে উপস্থিত হতে পারিনি।
অতএব, মহোদয়ের নিকট আকুল আবেদন আমাকে উক্ত দিনগুলোর জন্য ছুটি মঞ্জুর করে বাধিত করতে মর্জি হয়।
তারিখ ঃ রামপুর — বিনীত
১৭ই জুন, ২০০২ইং — আপনার বাধ্যগত ছাত্র
কামাল
তৃতীয় শ্রেণী, রোল নং-১

**6. Write an application to your Headmaster for remission of delay fine. (জরিমানা মওকুফের জন্য দরখাস্ত লেখ।)**

To
The Headmaster,
Balia High School.
Barisal.
**Subject :** prayer for remission of delay fine.
Sir,
I beg to state that my father is a Primary School teacher in Chandpur. He was late to send money. So I could not pay my tution fees for the month of March in time.
May I, therefore, pray and hope that you would allow me pay the fees without delay fine and oblige thereby.

Date : Barisal
March, 10. 2002

I remain
Sir,
Yours obediently
Ibrahim
Class-III, Roll-5

বরাবর
প্রধান শিক্ষক,
বালিয়া হাইস্কুল,
বরিশাল।

**বিষয় ঃ জরিমানা মওকুফের জন্য আবেদন।**

জনাব,

বিনীত নিবেদন এই যে, আমার পিতা চাঁদপুরের প্রাথমিক বিদ্যালয়ের একজন শিক্ষক। তার টাকা পাঠাতে দেরী হয়েছিল। তাই আমি মার্চ মাসের বেতন যথাসময়ে দিতে পারিনি।

অতএব, মহোদয়ের নিকট আবেদন আমাকে জরিমানা ব্যতীত বেতন পরিশোধের অনুমতি দিয়ে বাধিত করতে মর্জি হয়।

তারিখ ঃ বরিশাল
১০ মার্চ, ২০০২

বিনীত
আপনার বাধ্যগত ছাত্র
ইব্রাহীম
তৃতীয় শ্রেণী, রোল নং ৫

**7. Write an application to the Headmaster for admission.** (ভর্তি হওয়ার জন্য প্রধান শিক্ষকের নিকট একখানা দরখাস্ত লেখ।)

To
The Headmaster
Bawany High School.
Demra, Dhaka.

**Subject :** Prayer for admission.

Sir,

I beg most respectfully to state that I would like to get myself admitted into class-III of your school. My progress report and T.C. are enclosed herewith for your kind consideration.

I, therefore, pray and hope that you would be kind enough to allow me the admission and oblige me thereby.

Date : Demra
16th February, 2002.

I remain
Sir,
Jewel

Class-III, Roll-II

বরাবর
প্রধান শিক্ষক,
বাওয়ানী হাইস্কুল
ডেমরা, ঢাকা।

**বিষয় ঃ ভর্তির জন্য আবেদন**

জনাব,

যথাবিহীত সম্মানপূর্বক বিনীত নিবেদন এই যে, আমি আপনার স্কুলে তৃতীয় শ্রেণীতে ভর্তি হতে ইচ্ছুক। আপনার সদয় বিবেচনার জন্য আমার সনদপত্র এবং ছাড়পত্র দরখাস্তের সাথে দেয়া হল।

অতএব, মহোদয়ের নিকট আবেদন আমাকে উক্ত শ্রেণীতে ভর্তির অনুমতি দানে বাধিত করতে সদয় মর্জি হয়।

বিনীত
তারিখ ঃ ডেমরা — আপনার বাধ্যগত ছাত্র
১৬ই ফেব্রুয়ারি, ২০০২ইং — জুয়েল
তৃতীয় শ্রেণী
রোল নং ১১

**8. Write an application to the Headmaster for full-free studentship. (বিনা বেতনে অধ্যয়নের জন্য একটি আবেদনপত্র লেখ।)**

To
The Headmaster,
Kalochow Primary School,
Hajiganj, Chandpur.

**Subject :** Prayer for full free studentship.

Sir,

With due respect I beg to state that I am in class-IV in your school. My father is a petty clerk in a government office. His income is very poor. So I want to get financial help in the form of free studentship.

May I, therefore, fervently pray and hope that your honour would be kind enough to grant me a full free studentship.

Date : Kalochow — Your most obedient pupil
April 14, 2002 — Zahirul Haq
Class-V, Roll-2

**8. বিনা বেতনে অধ্যয়নের জন্য আবেদন।**

বরাবর

প্রধান শিক্ষক,
কালচোঁ প্রাথমিক বিদ্যালয়,
হাজীগঞ্জ, চাঁদপুর।
বিষয় ঃ বিনা বেতনে অধ্যয়নের জন্য আবেদন।

জনাব,

যথাবিহীত সম্মানপূর্বক নিবেদন এই যে, আমি আপনার বিদ্যালয়ের চতুর্থ শ্রেণীর একজন ছাত্র। আমার পিতা সরকারি অফিসের একজন কেরানী। তার মাসিক আয় খুবই কম। তাই আমি বিনা বেতনে অধ্যয়নের জন্য আর্থিক সহায়তা চাচ্ছি।

অতএব, অনুগ্রহপূর্বক আমাকে বিনা বেতনে অধ্যয়নের সুযোগ দানে বাধিত করতে মর্জি হয়।

বিনীত
তারিখ ঃ কালচোঁ — আপনার বাধ্যগত ছাত্র
১৪ই এপ্রিল, ২০০২ইং — জহিরুল হক
পঞ্চম শ্রেণী, রোল নং-

**9. Write an application to your Headmaster Praying for a transfer certificate.**
**(ছাড়পত্রের আবেদন জানিয়ে প্রধান শিক্ষকের নিকট একখানা দরখাস্ত লেখ।)**

To
The Headmaster
Hajigonj High school.
Hajigonj, Chandpur.
**Subject :** Prayer for a transfer certificate.
Sir,

I beg to state that my father has recently been transferred from Dhaka to Bhola. My family is going to shift there.

I would, therefore, pray and hope that you would be kind enough to issue me a transfer certificate and thus bless me.

I remain
Date, Hajigonj. — Sir,
15th October, 2002 — Your most obedient pupil
Shohel
Class-V, Roll-15

**৫. ছাড়পত্রের আবেদন জানায়ে প্রধান শিক্ষকের নিকট দরখাস্ত লেখ।**

বরাবর
প্রধান শিক্ষক,
হাজীগঞ্জ হাইস্কুল,

হাজীগঞ্জ, চাঁদপুর।

বিষয় ঃ ছাড়পত্রের জন্য আবেদন।

জনাব,

বিনীত নিবেদন এই যে, আমার পিতা সম্প্রতি ঢাকা থেকে ভোলা স্থানান্তরিত হয়েছেন। আমাদের পরিবারের সকলেই ভোলা চলে যাচ্ছে।

অতএব, অনুগ্রহপূর্বক আমাকে একটি ছাড়পত্র প্রদানে বাধিত করতে মর্জি হয়।

বিনীত

আপনার বাধ্যগত ছাত্র

সোহেল

পঞ্চম শ্রেণী, রোল নং- ৫

তারিখ ঃ হাজীগঞ্জ

১৫ই অক্টোবর, ২০০২ ইং

# PART IV : ESSAY WRITING

## THE COW

**Introduction (সূচনা) ঃ** The cow is a **domestic animal.**

**Description** (বর্ণনা) ঃ He has a large body covered with **short** hair. It has four legs, two eyes and two ears. It has a pair of horns. It has also a long tail with a tuft of hair at the end.

**Kinds (প্রকার) ঃ** There are **various kinds** of cows. Some are white, some are black, some are red etc.

**Food and Nature (খাদ্য এবং স্বভাব) ঃ** The cow is mild by nature. It lives on grass and leaves. Straw, oil cakes and bran are also its **favourite food**.

**Usefulness (উপকারিতা) ঃ** The cow is the most useful animal. It gives us milk. It is

a **nutritious** food. Butter (মাখন), curd (দই) are made of milk. It draws carts and ploughs (লাঙ্গল). Handles, buttons (বোতাম), combs (চিরুণী) and other things are made of her bones and horns.

**Conclusion (উপসংহার) ঃ** None can think of her **usefulness** in life. So we should take care of it.

## গরু

**সূচনা ঃ** গরু একটি গৃহপালিত প্রাণী।

**বর্ণনা ঃ** গরু ছোট ছোট লোমে ঢাকা। গরুর বড় একটি দেহ আছে। ইহার চারটি পা, দু'টি চোখ এবং দু'টি কান আছে। ইহার এক জোড়া শিং আছে। ইহার একটি লম্বা লেজ আছে যার মাথায় রয়েছে এক গুচ্ছ চুল।

**প্রকার ঃ** গরু বিভিন্ন প্রকারের আছে। কতেক সাদা, কালো এবং লাল ইত্যাদি।

**খাদ্য এবং স্বভাব ঃ** গরুর স্বভাব কোমল। ইহা ঘাস ও লতা-পাতা খেয়ে জীবন ধারণ করে। খড়কুটা, খইল এবং ভূষিও গরুর প্রিয় খাদ্য।

**উপকারিতা ঃ** গরু সবচেয়ে উপকারী প্রাণী। ইহা আমাদেরকে দুধ দেয়। দুধ পুষ্টিকর খাদ্য। দুধ থেকে মাখন ও দই প্রস্তুত হয়। গরু গাড়ী ও লাঙ্গল টানে। গরুর হাড় ও শিং থেকে হাতল, বোতাম, চিরুনী এবং অন্যান্য জিনিস প্রস্তুত হয়।

**উপসংহার ঃ** গরুর উপকারিতার কথা কেহ কল্পনাও করতে পরে না। তাই আমাদের গরুর প্রতি যত্নবান হওয়া উচিত।

## YOUR NATIVE VILLAGE

**Introduction (সূচনা) ঃ** The name of my village is Kalochow. It is a big village. It is about three miles long and two miles broad.

**Description (বর্ণনা) ঃ** It is in the district of Chandpur under Hajigonj Upazila. The village is over **populated.** About ten thousand people live in the village. Most of the people are Muslims. The rest of (বাকি) the people are Hindus. The people of the village are **engaged in various** occupations. Most of them depend (নির্ভর করে) mainly on **agriculture.**

**Educational institution (শিক্ষা প্রতিষ্ঠান) ঃ** There is a Fazil Madrasha, two boys High schools, one girls high school and three primary schools in our village. There are also three mosques.

**Natural Scenery (প্রাকৃতিক দৃশ্য) ঃ** The natural scenery of the village is very attractive (আকর্ষণীয়).

**Communication (যোগাযোগ) ঃ** The communication of the village is **comfortable**

(আরামদায়ক).

**Conclusion** (উপসংহার) ঃ My village attracts me very much. I am **proud** of my village.

## তোমার নিজ গ্রাম

**সূচনা ঃ** আমার গ্রামের নাম কালোচোঁ। এটি একটি বড় গ্রাম। ইহা প্রায় তিন মাইল দীর্ঘ ও দু' মাইল প্রশস্ত।

**বর্ণনা ঃ** ইহা চাঁদপুর জেলাধীন হাজীগঞ্জ উপজেলায় অবস্থিত। গ্রামের লোকসংখ্যা খুবই বেশী। এ গ্রামে প্রায় দশ হাজার লোক বাস করে। লোকসংখ্যার অধিকাংশই মুসলিম। অবশিষ্ট লোক হিন্দু। গ্রামের লোকেরা বিভিন্ন পেশায় নিয়োজিত। তাদের অধিকাংশ প্রধানতঃ কৃষির উপর নির্ভর করে।

**শিক্ষা প্রতিষ্ঠান ঃ** আমাদের গ্রামে একটি ফাজিল মাদ্রাসা, দু'টি উচ্চ বিদ্যালয়, একটি উচ্চ বালিকা বিদ্যালয় এবং তিনটি প্রাথমিক বিদ্যালয় আছে। তিনটি মসজিদও রয়েছে।

**প্রাকৃতিক দৃশ্য ঃ** গ্রামটির প্রাকৃতিক দৃশ্য খুবই আকর্ষণীয়।

**যোগাযোগ ঃ** গ্রামের যোগাযোগ ব্যবস্থা আরামদায়ক।

**উপসংহার ঃ** আমার গ্রাম আমাকে খুবই আকৃষ্ট করে। আমি আমার গ্রাম নিয়ে গর্বিত

## OUR SCHOOL

**Introduction (সূচনা) ঃ** The name of my school is Amin Memorial High School.

**Description (বর্ণনা) ঃ** The school stands at a **charming place.** It is situated between the Hajigonj Railway station and the Hajiganj bus station.

The school is a two **storeyed building.** It has twelve rooms. There is an office room, a library room, a teachers' room and a separate room for the Headmaster.

**School hour (স্কুলের সময়) ঃ** The school sits at 11 a.m. and breaks up at 4.30 p.m. After the fourth period we get leisure for half an hour.

**Student and teacher (ছাত্র এবং শিক্ষক) ঃ** There are six hundred students and sixteen teachers in our school. All the teachers take fatherly care of us. We love and respect them.

**Result (ফলাফল ) ঃ** The result of our school is quite good. All the students pass

with credit every year.

**Conclusion (উপসংহার) ঃ** So I am proud of my school. I long for its every success.

## আমাদের বিদ্যালয়

**সূচনা ঃ** আমাদের বিদ্যালয়ের নাম আমিন মেমোরিয়াল উচ্চ বিদ্যালয়।

**বর্ণনা ঃ** বিদ্যালয়টি একটি আকর্ষণীয় স্থানে অবস্থিত। এটি হাজীগঞ্জ রেল স্টেশন ও হাজীগঞ্জ বাস স্টেশন এর মধ্যস্থলে অবস্থিত। বিদ্যালয়টি হচ্ছে একটি দোতলা বিশিষ্ট ভবন। এর বারটি কক্ষ রয়েছে। বিদ্যালয়ে একটি অফিস কক্ষ একটি পাঠাগার, একটি শিক্ষক মিলনায়তন এবং প্রধান শিক্ষকের জন্য একটি পৃথক কক্ষ রয়েছে।

**স্কুলের সময় ঃ** বিদ্যালয়টি ১১টায় শুরু হয় এবং ৪-৩০ মিনিটে ছুটি হয়। চতুর্থ পিরিয়ডের পর আমরা আধ ঘন্টা বিরতি পাই।

**ছাত্র এবং শিক্ষক ঃ** আমাদের বিদ্যালয়ে ছয়শত ছাত্র ও ষোল জন শিক্ষক রয়েছেন। সকল শিক্ষকগণই আমাদেরকে পিতার মত যত্ন নেন। আমরা তাঁদেরকে পিতার মত ভালবাসি ও শ্রদ্ধা করি।

**ফলাফল ঃ** আমাদের বিদ্যালয়ের ফলাফল সন্তোষজনক। প্রতি বৎসর বিদ্যালয়ের সকল ছাত্র/ছাত্রী কৃতিত্বের সাথে কৃতকার্য হয়।

**উপসংহার ঃ** সুতরাং আমি আমার বিদ্যালয়কে নিয়ে গর্বিত। আমি এ বিদ্যালয়ের সার্বিক সাফল্য কামনা করি।

## RICE

**Introduction (সূচনা) ঃ** Rice is our main (প্রধান) food. Man lives on it.

**Where Grown (কোথায় জন্মে) ঃ** Rice grows well in hot countries. It grows in plenty in (প্রচুর পরিমাণে) Bangladesh. It also grows in India, Burma. Thailand, China, Japan and Srilanka.

**Kinds (প্রকারভেদ) ঃ** There are generally four kinds of rice : Aus, Aman, Boro and Irri. Aus is sown in Baishakh and reaped (কাটা হয়) in Bhadra. Aman is sown in Ashar and reaped in Poush. Boro is sown in **winter** and reaped in **spring.**

**Use (ব্যবহার) ঃ** Various (নানা রকম) kinds of food are made from rice. The straw (খড়) and husk (তুষ) are used as fodder (পশুর খাদ্য).

**Conclusion** (উপসংহার) ঃ Rice is our main food. So we have to increase (বৃদ্ধি করা) the production of it.

## ধান

**সূচনা ঃ** ধান আমাদের প্রধান খাদ্য। মানুষ ইহা খেয়ে জীবন ধারণ করে।

**কোথায় জন্মে ঃ** ধান উষ্ণ দেশে ভাল জন্মে। বাংলাদেশে প্রচুর পরিমানে ধান জন্মে। ইহা ভারত, বার্মা, থাইল্যান্ড, চীন, জাপান এবং শ্রীলংকায়ও জন্মে।

**প্রকারভেদ ঃ** সাধারণত চার প্রকারের ধান রয়েছে ঃ আউশ, আমন, বোরো ও ইরি। আউশ বৈশাখ মাসে বপন করা হয় এবং ভাদ্র মাসে কাটা হয়। আমন আষাঢ় মাসে বপন করা হয় এবং পৌষ মাসে কাটা হয়। বোরো শীতকালে বপন করা হয় এবং বসন্তকালে কাটা হয়।

**ব্যবহার ঃ** চাল থেকে বিভিন্ন ধরনের খাবার প্রস্তুত করা হয়। খড় এবং তুষ পশুর খাদ্য হিসেবে ব্যবহৃত হয়।

**উপসংহার ঃ** ধান আমাদের প্রধান খাদ্য। তাই আমাদের ইহার উৎপাদন বাড়াতে হবে।

## CAT

**Introduction (সূচনা) ঃ** The cat is a small domestic animal.

**Description (বর্ণনা) ঃ** The cat has a **round head**, two ears, two eyes and a short tail. Its body in **covered with soft hair**. Its feet are soft. Its eyes are shining. So, it can see in the dark.

**Kinds (প্রকারভেদ) ঃ** There are two kinds of cats. They are domestic and wild. They are of different colours. Some are white, some black and some are of mixed colour.

**Where found (কোথায় পাওয়া যায়) ঃ** The cat is found every where in the world.

**Food (খাদ্য) ঃ** The cat lives on fish, meat, rice and so on. It is very fond of milk. The cat is very gentle and mild in nature. It is very fond of **worm places.**

**Usefulness (উপকারিতা) ঃ** The cat is a good hunter (শিকারি). It hunts mice, insects and small birds.

**Conclusion (উপসংহার) ঃ** The cat is of some use to us. So we should be kind to it.

## বিড়াল

**সূচনা ঃ** বিড়াল একটি ছোট গৃহপালিত জন্তু।

**বর্ণনা ঃ** বিড়ালের একটি গোলাকার মাথা রয়েছে। দু'টি কান, দু'টি চোখ এবং একটি ছোট লেজ আছে। তার দেহ কোমল লোমে ঢাকা। তার পায়ের পাতা কোমল। তার চোখ উজ্জ্বল। সুতরাং বিড়াল রাতে দেখতে পারে।

**প্রকারভেদ ঃ** বিড়াল দু'প্রকার। প্রথমতঃ গৃহপালিত, দ্বিতীয়ত বন্য। বিড়াল বিভিন্ন বর্ণের। কতেক সাদা, কতেক কালো আবার কতেক মিশ্রিত রংয়ের।

**কোথায় পাওয়া যায় ঃ** বিড়াল বিশ্বের সর্বত্রই পাওয়া যায়।

**খাদ্য ঃ** বিড়াল মাছ, মাংস, ভাত ইত্যাদি খেয়ে জীবন ধারন করে। ইহা খুব দুধ পছন্দ করে। বিড়াল খুব ভদ্র ও শান্ত স্বভাবের। বিড়াল উষ্ণ জায়গায় থাকতে পছন্দ করে।

**উপকারিতা ঃ** বিড়াল পাকা শিকারী। ইহা ইঁদুর, পোকামাকড় এবং ছোট পাখি শিকার করে।

**উপসংহার ঃ** বিড়াল আমাদের কিছু উপকার করে। তাই এর প্রতি আমাদের সদয় হওয়া উচিত।

## JUTE

**Introduction (সূচনা) ঃ** The jute is the golden fibre of Bangladesh.

**Where grown (কোথায় জন্মায়) ঃ** It grows mainly in Bangladesh. It also grows in many other countries of the world, like China, India, Burma and so on.

**When and How grown (কখন এবং কিভাবে জন্মায়) ঃ** The land is **ploughed** well from March, April. The **seeds** are sown after a heavy rainfall. The plants grow in a few days. After three or four month the plants are of full size.

**How its fibre is obtained (কিভাবে আঁশ সংগ্রহ করা হয়) ঃ** The farmers cut down and bind them into **bundles**. They are kept under water to rot. The fibre is taken off (আঁশ). Then it is washed in clean water and dried in the sun.

**Usefulness (উপকারিতা) ঃ** It is very useful to us. It is used to make ropes (রশি), bags, mats etc.

**Conclusion (উপসংহার) ঃ** Jute is our main cash crop. It earns much **foreign currency.** So it is called the golden fibre of Bangladesh.

## পাট

**সূচনা ঃ** পাটকে বাংলাদেশের সোনালী আঁশ বলা হয়।

**কোথায় জন্মায় ঃ** ইহা প্রধানতঃ বাংলাদেশে উৎপন্ন হয়। ইহা পৃথিবীর অন্যান্য দেশেও উৎপন্ন হয়। যেমন– চীন, ভারত, বার্মা ইত্যাদিতে।

**কখন এবং কিভাবে জন্মায় ঃ** পাট জমিতে মার্চ, এপ্রিল মাস হতে চাষ করা হয়। তার বীজ এর জন্য খুব বৃষ্টির প্রয়োজন। কিছুদিনের মধ্যেই চারাগুলো জন্মে। তিন অথবা চার মাসে চারাগুলো পূর্ণ আকৃতি ধারণ করে।

**কিভাবে আঁশ সংগ্রহ করা হয় ঃ** কৃষকেরা পাট কেটে আটি বাধে। পঁচার জন্য পানির নিচে রাখা হয়। আঁশ সংগ্রহ করে পানিতে ধুয়ে পরিস্কার করা হয় এবং রৌদ্রে শুকানো হয়।

**উপকারিতা ঃ** পাট আমাদের জন্য খুবই উপকারী। ইহা রশি, থলে, মাদুর ইত্যাদি তৈরিতে ব্যবহৃত হয়।

**উপসংহার ঃ** পাট আমাদের প্রধান অর্থকরী ফসল। ইহা দ্বারা প্রচুর বৈদেশিক মুদ্রা অর্জন করা যায়। তাই একে বাংলাদেশের সোনালী আঁশ বলা হয়।

## THE DOG

**Introduction (সূচনা) ঃ** The dog is a domestic and **faithful animal**.

**Description (বিবরণ) ঃ** It has four legs, two keen eyes, two ears and a coiling short tail. It has sharp teeth, claws and nail. It has a long tongue. Its body is covered with **rough fur**.

**Kinds and colour (প্রকার এবং রং) ঃ** Dog differ in many sizes and colours. Some dogs are large and some are small, some are red and some are black.

**Food (খাদ্য) ঃ** The dog eats rice, bread, flesh and bone. But it is very fond of flesh and rotten things.

**Usefulness (উপকারিতা) ঃ** The dog is very faithful to its master. It loves its master very much. It watches (পাহারা দেয়) its master's house at night. It sleeps by day. As

soon as the dog sees the thief or the stranger (অপরিচিত) it barks (ঘেউ ঘেউ করে).

**Conclusion (উপকারিতা)** ঃ The dog is very dutiful and faithful to us. So it is our duty to be kind to it.

## কুকুর

**সূচনা ঃ** কুকুর গৃহপালিত ও বিশ্বস্ত প্রাণী।

**বর্ণনা ঃ** এর চারটি পা, দু'টি তীক্ষ্ণ চোখ, দু'টি কান, এবং একটি ছোট বাকা লেজ আছে। এর ধারাল দাঁত, থাবা ও নখ আছে। এর একটি লম্বা জিহ্বা আছে। এর শরীর কর্কশ লোমে ঢাকা।

**প্রকার এবং রং ঃ** কুকুর বিভিন্ন আকার ও আকৃতির হতে পারে। কোন কোন কুকুর বড় এবং কোন কোন কুকুর ছোট। কতেক কুকুর লাল আবার কতেক কুকুর কাল।

**খাদ্য ঃ** কুকুর ভাত, রুটি, মাংস এবং হাড় খেয়ে জীবন ধারণ করে। কিন্তু ইহা মাংস ও পঁচা জিনিষ খেতে খুব পছন্দ করে।

**উপকারিতা ঃ** কুকুর তার প্রভুর নিকট খুবই বিশ্বস্ত। কুকুর তার প্রভুকে খুব ভালবাসে। এটি রাত্রে তার প্রভুর বাড়ি পাহারা দেয়। ইহা দিনে ঘুমায়। কুকুর যখন কোন চোর বা অপরিচিত লোক দেখে তখনই ঘেউ ঘেউ করে।

**উপসংহার ঃ** কুকুর খুবই কর্তব্যপরায়ণ ও আমাদের নিকট বিশ্বস্ত। তাই আমাদের এদের প্রতি সদয় হওয়া উচিত।

## PAPER

**Introduction (সূচনা)** ঃ Paper is a very useful thing. We cannot go even for a single day without paper.

**History (ইতিহাস)** ঃ Paper was first **invented** in China. In Bangladesh, we have got very large paper mills at Chandraghona, Khulna and Pakshi.

**Kinds (প্রকারভেদ)** ঃ There are many kinds of paper. The chief (প্রধান) sizes of paper are the fullscape, the demy and the double crown. The paper of other size is used in printing books. There are also papers of different colours.

**Usefulness (উপকারিতা)** ঃ Paper is used in offices, courts, banks, hospitals and in all **educational institutions**. After all we cannot think our **civilized** life without it.

**Conclusion (উপসংহার)** ঃ Paper is very useful to us. We use it everyday. So paper

is **necessary** in every sphere of our life.

## কাগজ

**সূচনা ঃ** কাগজ খুবই প্রয়োজনীয় বস্তু। কাগজ ছাড়া আমাদের একদিনও চলে না।

**ইতিহাস ঃ** কাগজ প্রথম আবিষ্কৃত হয়েছিল চীনে। বাংলাদেশে চন্দ্রঘোনা, খুলনা ও পাকশীতে বড় বড় কাগজের কল রয়েছে।

**প্রকারভেদ ঃ** অনেক প্রকারের কাগজ রয়েছে। প্রধান প্রধান আকৃতি হচ্ছে ফুলস্কেপ, ডিমাই এবং ডাবল ক্রাউন। বই ছাপানোর কাজে অন্যান্য আকৃতির কাগজও ব্যবহৃত হয়। কাগজ বিভিন্ন বর্ণেরও রয়েছে।

**উপকারিতা ঃ** কাগজ অফিস, আদালত, ব্যাংক, হাসপাতাল এবং সকল শিক্ষা প্রতিষ্ঠানে ব্যবহৃত হয়। সর্বোপরি আমরা কাগজ ব্যতীত সভ্য জীবনের চিন্তা করতে পারিনা।

**উপসংহার ঃ** কাগজ আমাদের জন্য খুবই উপকারী। আমরা প্রতিদিন ইহা ব্যবহার করি। সুতরাং আমাদের জীবনের প্রতিটি ক্ষেত্রে কাগজ প্রয়োজনীয়।

## THE HORSE

**Introduction (সূচনা) ঃ** The horse is a four-footed animal.

**Description (বর্ণনা) ঃ** Its body is covered with fine hair. Its skin is glossy. It has no horns. It has two eyes, two ears, four legs and a short tail. Its hoofs are not divided. Its legs are strong and slender (সরু).

**Kinds (প্রকারভেদ) ঃ** There are many kinds of horses. Among them are the Arabian horse and the English horse. Some are black, some are red, some are white and some are brown.

**Food (খাদ্য) ঃ** The horse lives on grass, gram (ছোলা) hay (খড়) and grain (শস্যকণা). It is gentle and intelligent. It sleeps at night. It can run very **quickly**.

**Usefulness (উপকারিতা) ঃ** It is very useful to us. It can carry us a long way on its

back in a short time. It is also used to draw ploughs and carriages (ঘোড়ার গাড়ি) and to carry the loads.

**Conclusion (উপসংহার) ঃ** The horse is very faithful (বিশ্বস্ত) to its master (মনিব). So we all should take care of it.

## ঘোড়া

**সূচনা ঃ** ঘোড়া একটি চতুস্পদ জন্তু।

**বর্ণনা ঃ** ইহার দেহ সুন্দর লোমে ঢাকা। ইহার চামড়া চকচকে। ইহার কোন শিং নেই। ইহার দু'টি চোখ, দু'টি কান, চারটি পা এবং একটি ছোট লেজ আছে। ইহার খুর বিভক্ত নয়। ইহার পাগুলো মজবুত এবং সরু।

**প্রকারভেদ ঃ** ঘোড়া অনেক প্রকারের রয়েছে। এগুলোর মধ্যে রয়েছে আরবীয় ঘোড়া এবং ইংরেজ ঘোড়া। কতেক ঘোড়া কালো কতেক ঘোড়া লাল কতেক ঘোড়া সাদা আর কতেক বাদামী রং এর।

**খাদ্য ঃ** ঘোড়া ঘাস, ছোলা, খড় কুটা এবং শষ্যকণা খেয়ে জীবন ধারণ করে। ইহা ভদ্র এবং বুদ্ধিমান। ইহা রাতে ঘুমায়। ইহা খুব দ্রুত দৌড়াতে পারে।

**উপকারিতা ঃ** ঘোড়া আমাদের জন্য খুবই উপকারী। ইহা অল্প সময়ে আমাদেরকে ইহার পিঠে চড়ে অনেক দীর্ঘপথ নিয়ে যেতে পারে। ইহা লাঙ্গল টানা, গাড়ী টানা এবং বোঝা বহন করার কাজে ব্যবহৃত হয়।

**উপসংহার ঃ** ঘোড়া তার মনিবের নিকট খুবই বিশ্বস্ত। সুতরাং আমাদের সকলের উচিত উহার প্রতি যত্ন নেয়া।